

ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।

বিজ্ঞপ্তি
০২/০২/২০২৩ খ্রি.

ঠাকুরগাঁও সরকারি কলেজের সকল শ্রেণীর নিয়মিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ এর বাছাই ও চূড়ান্ত পর্ব আগামী ১২/০২/২০২৩ তারিখ রবিবার হতে ১৪/০২/২০২৩ তারিখ মঙ্গলবার পর্যন্ত প্রতিদিন সকাল ১০.০০ ঘটিকায় কলেজ মাঠে অনুষ্ঠিত হবে। প্রত্যেক খেলোয়াড় ফিল্ড ইভেন্ট ও ট্র্যাক ইভেন্টসহ সর্বোচ্চ ৩টি ইভেন্টে অংশগ্রহণ করতে পারবে। “যোগাযোগ দৌড় ও যেমন খুশী তেমন সাজো” ইভেন্টে সকলেই অংশগ্রহণ করতে পারবে। প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদের আগামী ০৮/০২/২০২৩ তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে ছাত্রদেরকে শারীরিক শিক্ষা বিভাগে ও ছাত্রীদেরকে ছাত্রী কমনরুমে রক্ষিত রেজিস্টারে নাম লিখে দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। প্রত্যেক খেলোয়াড়কে খেলোয়াড়ী পোষাক পরিধান করতে হবে এবং কলেজ পরিচিতি পত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। অন্যথায় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

ইভেন্ট সমূহ :

ছাত্রদের জন্য


- ১০০ মিটার দৌড়
- ২০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্র ব্যতিত)
- ৪০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্র ব্যতিত)
- ২০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রদের জন্য)
- ৪০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রদের জন্য)
- দীর্ঘ লম্ফ (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রদের জন্য)
- দীর্ঘ লম্ফ (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্র ব্যতিত)
- বর্শা নিক্ষেপ
- চাকতি নিক্ষেপ
- উচ্চ লম্ফ
- যোগাযোগ দৌড়
- যেমন খুশী তেমন সাজো

ছাত্রীদের জন্য


- ৭৫ মিটার দৌড়
- ১০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রী ব্যতিত)
- ২০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রী ব্যতিত)
- ১০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের জন্য)
- ২০০ মিটার দৌড় (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের জন্য)
- দীর্ঘ লম্ফ (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রীদের জন্য)
- দীর্ঘ লম্ফ (একাদশ ও দ্বাদশ শ্রেণীর ছাত্রী ব্যতিত)
- বর্শা নিক্ষেপ
- চাকতি নিক্ষেপ
- উচ্চ লম্ফ
- ভারসাম্য দৌড়
- যোগাযোগ দৌড়
- যেমন খুশী তেমন সাজো

ভাগ্য পরীক্ষা-(সকল শ্রেণীর শারীরিক ভাবে অনগ্রসর ছাত্র/ছাত্রীদের জন্য)

প্রতিস্বাক্ষর


অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।


আহবায়ক

বার্ষিক ক্রীড়া কমিটি/২০২২-২০২৩
ঠাকুরগাঁও সরকারি কলেজ
ঠাকুরগাঁও।